... গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ...

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর

স্থানীয় সরকার শাখা

www.faridpur.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর

স্মারক নম্বর: ০৫.১২.২৯০০.০১০.৩৫.০০১.১৬.৩৫৭ তারিখ: ২৮ ভাদ্র ১৪২৪
১২ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: **ফরিদপুর জেলার আলফাডাংগা উপজেলাধীন চর-পাঁচুরিয়া গ্রামকে মাগুড়া জেলার মোহাম্মদপুর উপজেলায় অন্তর্ভূক্তির বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের আদেশ।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাংগা এর ১৭/৮/২০১৭ তারিখের ০৫.১২.২৯০৩.০০১.০০.২৭০.১৭-৯৭২ নং স্মারক।

সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, বিগত ১১-৯-২০০৩ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট বিজ্ঞপ্তিতে মাগুড়া জেলার মোহাম্মদপুর উপজেলার তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার, চরপাচুরিয়া গ্রাম আলফাডাংগা উপজেলার পাচুড়িয়া ইউনিয়নের অন্তর্ভুক্ত হওয়ায় চরপাঁচুরিয়া গ্রামকে বাদ দিয়ে মোহাম্মদপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড পুনর্গঠন করেন। উক্ত ওয়ার্ড বিভক্তির বিরুদ্ধে জনাব মহিদুল ইসলাম বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৮২৫/২০১৫ নং রিট মামলা দায়ের করেন। উক্ত মামলার প্রেক্ষিতে মহামান্য আদালত ০২/১১/২০১৬ তারিখের রায়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসক, ফরিদপুর/মাগুড়া, উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাংগা/মোহাম্মদপুরকে চরপাচুড়িয়া মৌজা মোহাম্মদপুর উপজেলায় অন্তর্ভুক্তকরণের নির্দেশনা প্রদান করেন এবং ১১/৯/২০০৩ তারিখের গেজেট বিজ্ঞপ্তি বাতিল করে বিজ্ঞ আদালতের আদেশ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। উক্ত রায়ের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মোহাম্মদপুর, চরপাঁচুরিয়া গ্রামকে মোহাম্মদপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করে ওয়ার্ড পুনর্গঠন করেন। যা ২০-৪-২০১৭ তারিখের গেজেটে প্রকাশিত হয়।

০২। উল্লেখ্য, অত্রাফিসের নথিপত্রাদি ও রেকর্ড অনুযায়ী মহামান্য হাইকোর্টের রায়ের পূর্বে চরপাচুড়িয়া মৌজাটি আলফাডাংগা উপজেলার অন্তর্ভুক্ত ছিল। জানা মতে বাংলাদেশ আমলে অনুষ্ঠিত সকল নির্বাচনে গ্রামের ভোটারগণ এ উপজেলায় ভোট প্রদান করেছেন। অত্র কার্যালয় হতে মহামান্য হাইকোর্টের এসএফ এ বিষয়টি বিস্তারিত তথ্যাদি প্রমাণসহ উল্লেখ করা হয় (এসএফ এর কপি সংযুক্ত)।আপিল

০৩। গ্রামটি এক জেলা থেকে অন্য জেলায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে অদ্যাবধি স্থানীয় সরকার বিভাগ বা অন্য কোন মন্ত্রণালয় বা বিভাগ হতে কোন পত্র পাওয়া যায়নি। মাগুরার মোহাম্মদপুর উপজেলায় গ্রামটি অন্তর্ভুক্ত করে গেজেট প্রকাশ করায় নিম্নরূপ প্রশাসনিক জটিলতার উদ্ভব হয়েছে-

(ক) ভূমি রেকর্ড ও জরিপের সকল দলিল/রেজিস্টার আলফাডাংগা এবং ফরিদপুর জেলা প্রশাসকের কার্যালয় সংরক্ষণ করছে, যা হস্তান্তরের কোন আদেশ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অদ্যাবধি পাওয়া যায়নি।

(খ) নির্বাচন সংশ্লিষ্ট সকল বিষয়।

(গ) প্রশাসনিক সকল কার্যক্রম।

০৪। মাগুরা জেলায় বর্ণিত গ্রামটি অনুর্ভুক্ত করায় সরকারি নিম্নলিখিত আইন ও বিধানাবলির ব্যত্যয় ঘটেছে

(ক) The District Act, 1836 এর নিম্নরূপ বিধান:

Government may, from time to time, alter the limits of the existing districts in any part of Bangladesh

Government বলতে মন্ত্রণালয়কে বোঝানো হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, মোহাম্মদপুর স্থানীয় সরকার বিভাগ থেকে কোন অনুমোদন গ্রহণ করেছেন কি না-সে ব্যাপারে এ কার্যালয়ে কোন তথ্য নেই।

(খ) Rules of Business, 1996 এর বিধান:

Rules of Business, 1996 এর বিধান অনুযায়ী Administrative Reforms/ Reorganisation এর সকল বিষয় মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে NICAR এর সিদ্ধান্ত।

০৫। এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাংগা বর্তমান প্রেক্ষাপটে করণীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়েছেন।

এমতাবস্থায়, এতদ বিষয়ে ফরিদপুর জেলা প্রশাসন ও আলফাডাংগা উপজেলা প্রশাসনের করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদানের সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্ত: .....................ফর্দ।

২০১৭-০৯-১১
উম্মে সালমা তানজিয়া
জেলা প্রশাসক
ফোন: ০৬৩১-৬৩০২২
ইমেইল: dcfaridpur@mopa.gov.bd

সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ: আ: উপসচিব, আইন-১ শাখা)

স্মারক নম্বর: ০৫.১২.২৯০০.০১০.৩৫.০০১.১৬.৩৫৭/১(২)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৪
১২ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

১) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২) উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাংগা, ফরিদপুর।

২০১৭-০৯-১১
ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর
উপ পরিচালক